

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়  
চট্টগ্রাম বিভাগ  
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
নাসিরাবাদ, চট্টগ্রাম।

[www.nha.gov.bd](http://www.nha.gov.bd)

## বিজ্ঞপ্তি

এতদ্বারা আদ্যবহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীনে মাইজদী, নোয়াখালী হাউজিং এস্টেটের (২য় পর্যায়) খসড়া ও মধ্যম আয়ের লোকদের জন্য অবশিষ্ট ৫১টি প্রুট হতে সংরক্ষিত কোটা বাদে অবশিষ্ট ৪১টি আবাসিক প্রুট বরাদ্দের জন্য নিম্নিষ্ট ফরমে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে।

ক) প্রুটের পরিমাণ ও জামানতের টাকার বিবরণ :

ক্রমিক নং	প্রুটের আয়তন(কম বেশী)	জামানতের টাকা
০১	২.০০ কাঠা	১,০০,০০০.০০

খ) জামানতের টাকা চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা এর অনুকূলে যে কোন তপসীলভুক্ত/ বাণিজ্যিক ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। অন্যথায় আবেদন পত্র বাতিল বলিয়া গণ্য হবে। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ প্রুট ক্রয়ের জন্য আবেদন করিতে পারিবেন। তাহারা অবশ্যই সমপরিমাণ টাকা পাউন্ড স্টার্লিং/ আমেরিকান ডলারে চেয়ারম্যান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকার বরাবরে **FC A/C. NO. 0211-130000300** হিসাবে **SWIFT CODE : BKSIBDDHA002, BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH** -এর মাধ্যমে প্রদান করিবেন। তাহাদের ক্ষেত্রে জমাকৃত পে অর্ডার বাংলাদেশী যে কোন শাখায় drawn on হতে হবে। প্রসপেক্টাস ও আবেদন পত্র জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট থেকে ডাউন লোড পূর্বক সংগ্রহ করে আবেদন পত্রের সাথে ফরমের মূল্য বাবদ পৃথক ১৫ ডলার জমা প্রদান করতে হবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট : [www.nha.gov.bd](http://www.nha.gov.bd).

গ) ২০০৬ এবং ২০১০ সালে যারা প্রুট বরাদ্দের জন্য আবেদন করেছেন কিন্তু প্রুট না পেয়ে অধ্যাবধি জামানতের টাকা উজ্জোলন করেন নাই তারা আবেদন পত্রের সহিত জামানতের পরিবর্তে পূর্বের জমা রশিদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে পারিবেন।

ঘ) প্রতি কাঠা জমির আনুমানিক মূল্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ মাত্র) টাকা মাত্র।

ঙ) প্রুট বরাদ্দের প্রসপেক্টাস ও আবেদন পত্র নগদ টাকা ১০০০/- (এক হাজার) অফেরতযোগ্য মূল্য নিম্নে বর্ণিত কার্যালয় হতে ২০-০৩-২০১৫ খ্রিঃ ইং তারিখ হইতে ৩০-০৪-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ক্রয় করা যাইবে।

ক্রমিক নং	কার্যালয়ের নাম ও ঠিকানা
১।	চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম।
২।	ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, (৭ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
৩।	ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর-২, ঢাকা।
৪।	ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা।
৫।	মিরপুর গৃহ সংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর-২, ঢাকা।
৬।	সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শিবগঞ্জ, সিলেট।
৭।	রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুড়া, রাজশাহী।
৮।	খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা।
৯।	দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউটাউন, দিনাজপুর।
১০।	চট্টগ্রাম উপ বিভাগ-১/২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম।
১১।	সহকারী প্রকৌশলীর কার্যালয়, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, হাসপাতাল রোড, মাইজদী, নোয়াখালী।

চ) আবেদন করার বয়স ০১-০৩-২০১৫ খ্রিঃ তারিখে ন্যূনতম ২৫ বছর হইতে হইবে।

ছ) প্রসপেক্টাসে বর্ণিত চাহিদা মোতাবেক সকল কাগজ পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতঃ পূরণকৃত আবেদন পত্র আগামী ৩০-০৪-২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট অনুচ্ছেদ "খ" তে বর্ণিত কার্যালয় সমূহে জমা দেওয়া যাইবে। অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল করা হইবে।

জ) প্রসপেক্টাসে বর্ণিত পেশা, গ্রুপের বিপরীতে শতকরা হারের ভিত্তিতে বৈধ আবেদনকারীগণকে প্রুট বরাদ্দ প্রদান করা হইবে। তবে প্রুটের সংখ্যা হইতে বৈধ আবেদনকারীর আবেদন বেশী হইলে লটারীর মাধ্যমে বিধি মোতাবেক বরাদ্দ দেওয়া হইবে।

(এ কিউ এম শাহজাহান মজুমদার)

নির্বাহী প্রকৌশলী

চট্টগ্রাম বিভাগ

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম